JAN 0 4 2004

তারিখ ...
পৃষ্ঠা ...3... কলাম ...5...

# ধর্মীয় শিক্ষক নিয়োগে বৈষম্য

বেসরকারি বিদ্যালয়ে চাকরির ক্ষেত্রে হিন্দু ধর্মীয় শিক্ষক পদপ্রার্থীরা বৈষম্যের শিকার হচ্ছেন।

বিভিন্ন বিষয়েও শিক্ষক নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা চাওয়া হয় এসএসসি থেকে স্নাতক পর্যায় পর্যন্ত কম পক্ষে দ্বিতীয় বিভাগ। হিন্দু ধর্মীয় শিক্ষককে তা ছাড়াও কাব্যতীর্থ হতে হয়। আসলে এক্ষেত্রে পালি ও সংস্কৃত বোর্ডের কাব্যতীর্থ ডিগ্রিই চূড়ান্ত যোগ্যতা হওয়া উচিত। কারণ ধর্মীয় শিক্ষার সঙ্গে উচ্চ মাধ্যমিক এবং স্নাতক ডিগ্রির কোনও সম্পর্ক নেই।

উল্লেখ্য, ইসলাম ধর্মীয় শিক্ষকের ক্ষেত্রে যোগ্যতা হচ্ছে মাদ্রাসা বোর্ডের ফাজিল পাস। কৃষি শিক্ষককেও শুধু দ্বিতীয় শ্রেণীর কৃষি ডিপ্লোমাধারী হলেই চলে। ফাজিল, কৃষি ডিপ্লোমা আর কাব্যতীর্থ কোর্স সমানমেয়াদী। কিন্তু চাকরির ক্ষেত্রে এই উপাধি সে মর্যাদা পাচ্ছে না।

**সাধন কুমার বর্মণ**
সাঘাটা, গাইবান্ধা।